# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৪১. দাড়িতে রঙ ব্যবহার করা কেমন?

দাড়িতে রঙ ব্যবহার করা জায়েয। এ বিষয়ে সুস্পষ্ট হাদীস রয়েছে। রাসূলুল্লাহ (স) বলেন, ‘সাদা চুলের শুভ্রতাকে তোমরা পরিবর্তন কর, তবে কালো রঙ ব্যবহার থেকে দূরে । থাক। (মুসলিম)।
উক্ত হাদীসের আলোকে ফকীহগণ বলেছেন যে, দাড়ি ও মাথার চুলে কালো রঙ দেওয়া জায়েয নেই। এ ছাড়া অন্য যে কোন রঙ ব্যবহার করা যেতে পারে। তবে মেহেদির রঙ উত্তম । আর কুচকুচে কালো না হলে কালোর সাথে অন্য রঙ মিশ্রিত হলে তাও ব্যবহার করা জায়েয। আবার কোন কোন আলেম কালো রঙ বৈধ বলে অভিমত ব্যক্ত করেছেন। কিন্তু অধিকাংশের মতে, এ রায়টি শুদ্ধ নয় ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12775

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন